

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.১০৭.১১ (অংশ-২).

তারিখ : ০৬ শ্রাবণ, ১৪২৩
২১ জুলাই, ২০১৬

প্রাপক,

চেয়ারম্যান

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি), চট্টগ্রাম।

বিষয় : জাপান সফরের অনুমতি।

মহোদয়,

Japan Co-operation Center, Petroleum (JCCP)-কর্তৃক আয়োজিত জাপানে অনুষ্ঠিতব্য “TR-9-16: Reliability Enhancement and Maintenance Management of Rotary Machinery -শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)র আওতাধীন পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড এর উপ-ব্যবস্থাপক জনাব মোস্তাক আহমদ চৌধুরীকে আগামী ১৭-০৯-২০১৬ হতে ০৭-১০-২০১৬ তারিখ পর্যন্ত ২১ (একুশ) দিন (যাতায়াত সময় ব্যতীত) নিম্নলিখিত শর্ত সাপেক্ষে জাপান সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলঃ

২। এ সফরের শর্তাবলী নিম্নরূপ :

- (ক) তাঁর যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- (খ) অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- (গ) বর্ণিত সফরকালীন সময়ে তাঁর বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- (ঘ) আলোচ্য প্রশিক্ষণে অংশগ্রহণের বিমান ভাড়াসহ যাবতীয় ব্যয়ভার আমন্ত্রণকারী প্রতিষ্ঠান Japan Co-operation Center, Petroleum (JCCP)-কর্তৃক বহন করা হবে; এবং
- (ঙ) সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এতদবিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ শহিদুল ইসলাম)

উপ-সচিব

ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.১০৭.১১ (অংশ-২)

তারিখ : ০৬ শ্রাবণ, ১৪২৩
২১ জুলাই, ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশস্থ জাপান দূতাবাস, ঢাকা।
- ৪। জাপানস্থ বাংলাদেশ দূতাবাস।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড।
- ৭। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৮। জনাব মোস্তাক আহমদ চৌধুরী, উপ-ব্যবস্থাপক, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড।
- ৯। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১। অফিস কপি।

(মোঃ শহিদুল ইসলাম)

উপ-সচিব